# সিলেট-লন্ডনগামী বিমানে মাঝ আকাশে দুই যাত্রীর মারামারি



সংগৃহীত ছবি

সিলেট থেকে লন্ডনগামী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে আকাশে উড়ন্ত অবস্থায় দুই যাত্রীর মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি আলোচনায় আসে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সূত্র জানায়, বুধবার (১৬ সেপ্টেম্বর) সকালে সিলেট থেকে লন্ডনের উদ্দেশে ফ্লাইটটি ছেড়ে যাওয়ার পর মাঝ আকাশে ওই ঘটনা ঘটে।

সূত্রটি জানায়, তুচ্ছ একটি বিষয়কে কেন্দ্র করে প্রথমে দুই যাত্রীর মধ্যে কথা-কাটাকাটি শুরু হয়। একপর্যায়ে উত্তপ্ত বাক্যবিনিময় গড়ায় হাতাহাতিতে। বিমানের ভেতরে এমন পরিস্থিতিতে সাধারণ যাত্রীদের পাশাপাশি শিশু ও বয়স্কদের মধ্যেও আতঙ্ক দেখা দেয়।

LENS ASIA